গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
মনিটরিং,স্বাস্থ্য প্রতিষ্ঠান অধিশাখা
www.hsd.gov.bd

বিষয়ঃ ন্যাশনাল ইনষ্টিটিউট অব কিডনী এন্ড ইউরোলজি (NIKDU) এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল (CMCH) এ Concessional Agreement পিপিপি এর আওতায় প্রতিষ্ঠিত ডায়ালাইসিসের সেশন সংখ্যা বৃদ্ধি বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আসাদুল ইসলাম
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখঃ ২৮ নভেম্বর ২০১৯

সময়ঃ ০৩.০০ ঘটিকা

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩),
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

উপস্থিতি কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক'- তে সংযুক্ত।

১. সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (হাসপাতাল) আলোচ্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় সভায় উপস্থাপন করেন।

ক্রমিক নং-	আলোচ্য বিষয়ঃ	আলোচনাঃ
ক)	ডায়ালাইসিসের সেশন সংখ্যাঃ Sandor Dialysis Pvt Ltd. এর সাথে স্বাস্থ্য অধিদপ্তরের Concession Agreement অনুযায়ী বর্তমানে বছরে ২৯৬০৯টি ডায়ালাইসিস সেশন পরিচালনা করা হয়। ২০১৮-২০১৯ অর্থ বছরে এ বাবদ ৫,৮৪,৩২,৫০০ টাকা ব্যয় করা হয়। কিন্তু রোগীর চাপ বৃদ্ধি পাওয়ায় এবং Sandor Dialysis এর পর্যাপ্ত কারিগরী সামর্থ্য (মেশিন, লোকবল ও সেটআপ) থাকায় বছরে অতিরিক্ত দ্বিগুন পরিমান অর্থাৎ ৫৯২১৮টি সেশন বৃদ্ধির জন্য স্বাস্থ্য অধিদপ্তর প্রস্তাব প্রেরণ করেছে।	Sandor Dialysis Services Bangladesh (PVt) Ltd এর পরিচালক, এ, আর, সরকার বলেন বর্তমানে বরাদ্দকৃত ২৯৬০৯ টি ডায়ালাউসিস সেশন এ বছরের অর্ধেক সময়ের মধ্যেই শেষ হয়ে গেছে। কিন্তু জনভোগান্তির কথা বিবেচনা করে স্বাস্থ্য অধিদপ্তরের সম্মতিক্রমে রেফার্ড রোগীদের ডায়ালাইসিস সেবা চলমান রাখা হয়েছে। স্যান্ডর ডায়ালাইসিস সার্ভিস বাংলাদেশ প্রাঃ লিঃ কর্তৃক বর্তমানে স্থাপনকৃত মেশিনে লক্ষাধিক ডায়ালাইসিস সেশন পরিচালনা করা সম্ভব। এমতাবস্থায়, তিনি বর্তমানের ২৯৬০৯ টি সেশনের স্থলে তিনগুন অর্থাৎ ৮৮৮২৭টি সেশন অনুমোদনের অনুরোধ জানান।
খ)	বাজেট বৃদ্ধিঃ প্রস্তাবটি বিবেচিত হলে ৫৯২১৮টি সেশন এর জন্য আরো ১১,৬৮,৩৭,১১৪ (এগার কোটি, আটষট্টি লক্ষ, সাঁইত্রিশ হাজার, একশত	সভাপতি বর্তমানে ২৯৬০৯টি সেশন পরিচালনার জন্য এত অধিকসংখ্যক মেশিন স্থাপনের কারণ জানতে চাইলে মিঃ সরকার জানান যে, চুক্তিতেই সংস্থান ছিল বিধায় ৯০টি মেশিন স্থাপন করা

	চৌদ্দ) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে। এছাড়া সেশন সংখ্যা বৃদ্ধি ও বাজেট বরাদ্দ বৃদ্ধি করা হলে Concession Agreement সংশোধন করা প্রয়োজন বলে প্রতীয়মান হয়।	হয়েছে। সভাপতি সেশন সংখ্যা বাড়লে ডায়ালাইসিস সেশনের একক মূল্য কমবে কিনা জানতে চাইলে স্যান্ডরের পক্ষ থেকে বলা হয় সেশনের সংখ্যা বাড়লেও ফি একই থাকবে। সভাপতি প্রতি সেশনের খরচ কত পড়ে তা জানা প্রয়োজন বলে মন্তব্য করেন। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক জানান, রোগীরা যাতে ভোগান্তিতে না পড়ে সেজন্য ডায়ালাইসি সেবা অব্যহত রাখা প্রয়োজন। PPPA-এর মহাপরিচালক জানান চুক্তির সংশ্লিষ্ট ধারা অনুযায়ী Scope পরিবর্তনের সুযোগ আছে। সভাপতি ডায়ালাইসিস সংখ্যা তিনগুন বৃদ্ধির প্রস্তাব যুক্তিসংগত কিনা জানতে চাইলে পরিচালক NIKDU সেশন সংখ্যা দ্বিগুন করা যায় মর্মে মন্তব্য করেন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয় ডায়ালাইসিস সেশন সংখ্যা দ্বিগুন করার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন।
গ)	<u>ইন্ডিপেন্ডেন্ট প্যানেল গঠনঃ</u> চুক্তিতে নির্ধারিত পদ্ধতিতে ডায়ালাইসিস সেন্টার সমূহের নিবিড় পরিবীক্ষণ ও পর্যবেক্ষন করে রিপোর্ট করার জন্য বিশেষজ্ঞ ব্যক্তিবর্গের সমন্বয়ে ইন্ডিপেন্ডেন্ট প্যানেল (IP) গঠনের ব্যবস্থা রয়েছে। বিভিন্ন সময়ে বিভিন্ন IP কাজ করলেও এখন পর্যন্ত কার্যকর ইন্ডিপেন্ডেন্ট প্যানেল গঠন করা হয় নাই। ইতোপূর্বে পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ) কে চেয়ারপার্সন করে একটি IP গঠন করে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল। কিন্তু মন্ত্রণালয় থেকে কতিপয় বিষয়ে জানতে চাওয়া হলে কোন প্রত্যুত্তর পাওয়া যায়নি।	অতিরিক্ত সচিব (হাসপাতাল) IP নিয়োগ না হওয়ায় ডায়ালাইসিসের মান সম্পর্কে নিশ্চিত হওয়া যাচ্ছে না মর্মে জানান। সভাপতি এখনো IP নিয়োগ না হওয়ার কারণ জিজ্ঞাসা করলে পরিচালক হাসপাতাল জানান পূর্বের IP এর মেয়াদ শেষ হলে IP নিয়োগের জন্য টেন্ডার আহবান করা হয়। কিন্তু কোন আবেদন না পাওয়ায় দ্বিতীয়বার টেন্ডার আহবান করা হলে তিনটি আবেদন পাওয়া যায়। শিঘ্রই IP নিয়োগ করা যাবে বলে তিনি জানান। সভাপতি জরুরি ভিত্তিতে IP নিয়োগের কাজ সমাপ্ত করার জোর তাগিদ দেন। ন্যাশনাল ইনষ্টিটিউট অব কিডনী এন্ড ইউরোলজি (NIKDU)-এর পরিচালক ডায়ালাইসিস সেন্টার সমূহে Sandor নিয়োগকৃত কর্মচারীদের অনেকের যোগ্যতার বিষয়ে সংশয় প্রকাশ করেন। তাদের অনেকের কাজের মান ও সন্তোষজনক নয় বলে তিনি মন্তব্য করেন। (NIKDU) তে অবস্থিত Sandor dialysis Center এ রোগীদের যাতায়াতের জন্য স্বতন্ত্র Lift চালু না হওয়ায় হাসপাতালের সাধারণ রোগীদের অসুবিধা হচ্ছে বলে তিনি জানান। তিনি অতিসত্বর NIKDU- তে Sandor Dialysis Center এ স্বতন্ত্র লিফটি স্থাপনের অনুরোধ জানান।

		NIKDU এর সহযোগী অধ্যাপক ও নেফ্রোলজিষ্ট ডায়ালাইসিস সেন্টারসমূহে সেবার মান আরো বাড়ানোর সুযোগ আছে বলে জানান। তিনি বলেন একটি ডায়ালাইজার দিয়ে ৩ বারের অধিক ডায়ালাইসিস দেয়া যাবে না। ৩ বার ব্যবহারের পূর্বেই যদি ফাইবার বান্ডেল ভলিউম (FBV) ৮০% এর কম হয় তবে তা বর্জন করতে হবে। ডায়ালাইজারের সাইজ রোগীর শারিরিক অবস্থা অনুযায়ী প্রদান করতে হবে। তিনি আন্তর্জাতিক মান অনুযায়ী রোগীর সেবা প্রদানের জন্য পর্যাপ্ত সংখ্যক ডিউটি ডাক্তার, প্রশিক্ষণ প্রাপ্ত নার্স, ডায়ালাইসিস টেকনিশিয়ান, আয়া, ওয়ার্ডবয়, নিয়োগ করতে হবে। উল্লিখিত জনবল নিয়োগ সংশ্লিষ্ট হাসপাতাল ও IP এর প্রতিনিধির মতামত সাপেক্ষে হতে হবে। Sandor-এর পরিচালক বলেন, চুক্তিপত্রের গাইডলাইন অনুসরণ করে সেন্টারসমূহে ডায়ালাইসিস সেবা প্রদান করা হয়। PPPA মহাপরিচালক বলেন, চুক্তিপত্র অনুযায়ী Independent panal নিয়োগ করা হলে এবং কর্মপরিধি অনুযায়ী কাজ করলে সেবার মান বৃদ্ধি পাবে এবং সেবার মান সম্পর্কে সংশয় ও অভিযোগ হ্রাস পাবে বলে তিনি মনে করেন। অতিরিক্ত সচিব (হাসপাতাল) ডায়ালাইসিস কেন্দ্র সমুহে ডায়ালাইসিস সেবার মান বৃদ্ধিকল্পে উত্থাপিত বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব দেন

২. <u>বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ</u>

ক) চলতি আর্থিক বছরে রেফার্ড সেশনের সংখ্যা দ্বিগুন অর্থাৎ ৫৯২১৮ টি করার সিদ্ধান্ত গৃহিত হয়।

খ) বর্ধিত সেশনের বিষয়ে চুক্তি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহনপূর্বক স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় বাজেট বরাদ্দের প্রস্তাব প্রেরণ করবে।

গ) স্বাস্থ্য অধিদপ্তর অতি জরুরি ভিত্তিতে Independent panal (IP) নিয়োগ সম্পন্ন করবে ।

ঘ) Sandor Dialysis (pvt) Ltd. NIKDU তে দোতলায় অবস্থিত ডায়ালাইসিস রোগীদের ডায়ালাইসিস সেন্টারে যাওয়ার জন্য অনতি বিলম্বে একটি ক্যাপসুল লিফট স্থাপন করবে।

ঙ) NIKDU এবং CMCH এ কনসেশনাল চুক্তি এর অধিনে প্রতিষ্ঠিত ডায়ালাইসিস সেন্টারসমূহে মানসম্মত ডায়ালাইসিস সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিবেদন দাখিলের জন্য নিম্নবর্ণিত কার্য পরিধিসহ একটি কমিটি গঠন করা হয়ঃ

(১) পরিচালক (হাসপাতালও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা - সভাপতি

(২) জনাব মোহাম্মদ মারুফুর রশিদ খান, উপসচিব, স্বাস্থ্যসেবা বিভাগ - সদস্য

(৩) জনাব মিরানা মাহরুখ, পরিচালক, পিপিপি কর্তৃপক্ষ, ঢাকা - সদস্য

(৪) জনাব কাজী শাহরিয়ার আলম, সহযোগী অধ্যাপক ও নেফ্রোলজীষ্ট, NIKDU ঢাকা - সদস্য

(৫) জনাব মোঃ নূরুল হুদা, সহযোগী অধ্যাপক, নেফ্রোলজী বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম -- সদস্য

(৬) জনাব এ, আর সরকার, পরিচালক,- স্যান্ডর ডায়ালাইসিস সার্ভিসেস বাংলাদেশ (প্রাঃ) লিঃ - সদস্য

(৭) উপ পরিচালক, NIKDU, ঢাকা -- সদস্য সচিব।

(ক) কর্ম পরিধিঃ

১. মানসম্মত ডায়ালাইসিস সেবা নিশ্চিতকরণে চুক্তিপত্রে উল্লেখিত ব্যবস্থাদি পর্যাপ্ত কিনা যাচাই করা ও Review-এর ক্ষেত্রসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় সংশোধনীর সুপারিশ করা ;

২. ডায়ালাইসিসের খরচ যৌক্তিকভাবে নিরুপন করা ;

৩. ডায়ালাইসিস কেন্দ্রসমূহে চুক্তি অনুযায়ী উপযুক্ত জনবল নিয়োগ করা হয়েছে কিনা যাছাই করা ;

৪. ডায়ালাইজার ব্যবহারের প্রকৃত সংখ্যা নির্ধারণের সুপারিশ করা ;

৫. চুক্তি অনুযায়ী ফ্রি ডায়ালাইসিস প্রদান করা হচ্ছে কিনা যাচাই করা ;

৬. বিবিধ।

(খ) কমিটি আগামী ৩০.১২.২০১৯ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

৩. সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন ।

স্বাক্ষরিত/-
তারিখঃ
০৮/১২/২০১৯
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৫৪.১১৬.০০.০০.০০২.২০১৫/১৪৬ তারিখঃ ০৯.১২.২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (PPP), প্রধানমন্ত্রীর কার্যালয়, গ্রীন ডেল্টা এআইএমএম টাওয়ার লেবেল-৩), বি ৫১-৫২, মহাখালী, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, (হাসপাতাল/বাজেট),স্বাস্থ্য সেবা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা),স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা /বাজেট),স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম ।
৯। পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরে-বাংলা নগর, ঢাকা।

১০। উপপরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল/ন্যাশনাল ইনষ্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরে-বাংলা নগর, ঢাকা।

১১। নির্বাহী পরিচালক, IDCOL, UTC Building, 16th Floor, 8 panthapath, Karwan Bazar, Dhaka-1215.

১২। Managing Director, Sandor Medicals (pvt.) Ltd. Benjara Hills, Hydarabad India.

১৩। পরিচালক, Sandor Dialysis Services Bangladesh (Pvt)Ltd, ২২/২ কসমোপলিটান, সেন্টার,লেভেল - ৫, মিরপুর রোড, ঢাকা।

১৪। ম্যানেজার (এইচ আর), স্যান্ডর ডায়ালাইসিস সার্ভিসেস বাংলাদেশ (প্রাইভেট) লিঃ, ২২/২ কসমোপলিট্যান সেন্টার, লেভেল- ৫, মিরপুর রোড, ঢাকা।

০৯.১২.২০১৯

(মোহাম্মদ মাঈনউদ্দিন চৌধুরী)
যুগ্মসচিব
ফোন- ৯৫৪৯৬৬৯
e-mail;monghm@hsd.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২। সিষ্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল),মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।